COOCH BEHAR PANCHANAN BARMA UNIVERSITY

B.A. Honours 5th Semester Examinations, 2022

BENGALI

আধুনিক বাংলা উপন্যাস

CORE-12

সময় : ২ ঘণ্টা পূর্ণমান : ৪০

পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। নিম্নলিখিত যে-কোনো *দশটি* প্রশ্নের উত্তর দাওঃ ১×১০ = ১০

(ক) 'জাগরী' উপন্যাসটি কোন রাজনৈতিক পটভূমিকায় রচিত হয় ?

(খ) পীতম মাঝির মেয়ের নাম কী ?

(গ) নীলু কোন রাজনৈতিক মতাদর্শে বিশ্বাসী ছিল ?

(ঘ) দুটি ঐতিহাসিক উপন্যাসের নাম লেখো।

(ঙ) জাগরী উপন্যাসে বর্ণিত পূর্ণিয়া সেন্ট্রাল জেলের ডাক্তারবাবুর নাম কী ?

(চ) বঙ্কিমচন্দ্রের দুটি রোমান্সধর্মী উপন্যাসের নাম লেখো।

(ছ) দুটি রাজনৈতিক উপন্যাসের নাম লেখো।

(জ) 'হালার মাছ ধইর‍্যা জুত নাই'– বক্তা কে ?

(ঝ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসটি লেখক কাকে উৎসর্গ করেছেন ?

(ঞ) বিলু কত নম্বর ফাঁসির আসামী ছিল ?

(ট) 'খাসা গড়ন পিটন মেয়েটার।'– এখানে কোন মেয়েটির কথা বলা হয়েছে ?

(ঠ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের সূচনায় কোন্ ঋতুর কথা বলা হয়েছে ?

(ড) দুটি অতি-প্রাকৃত ছোটগল্পের নাম লেখো।

(ঢ) দুটি আত্মকথনমূলক উপন্যাসের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো *একটি* বিষয়ে টীকা লেখোঃ ৫×১ = ৫

(ক) কপিলা চরিত্র

(খ) আঞ্চলিক উপন্যাস

(গ) রাজনৈতিক উপন্যাস।

৩। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১০×১ = ১০

(ক) ঐতিহাসিক উপন্যাস কাকে বলে ? বাংলায় একটি ঐতিহাসিক উপন্যাসের আলোচনা করে এই শ্রেণির উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো।

(খ) 'জাগরী' উপন্যাসের কথনরীতির বৈশিষ্ট্য আলোচনা করো।

(গ) 'দুখিয়ার কুঠি' উপন্যাসের নায়ক চরিত্র বিচার করো।

৪। নিম্নলিখিত যে-কোনো *একটি* প্রশ্নের উত্তর দাওঃ ১৫×১ = ১৫

(ক) 'দুখিয়ার কুঠি' উপন্যাসে ভূমিপুত্রের নিজস্ব অস্তিত্ব হারানোর আর্তনাদ ফুটে উঠেছে– আলোচনা করো।

(খ) ''প্রকৃতির বিরুদ্ধে মানুষের অবিরাম লড়াইয়ের মধ্যে দিয়েই ক্রমবিকশিত হয়েছে মানব সভ্যতার ইতিহাস। ময়না দ্বীপকে নিয়ে হোসেন মিঞাঁর সংগ্রামী প্রচেষ্টার মধ্যে তারই প্রতীকী আভাস প্রতিফলিত।''– উক্তিটির আলোকে 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে ময়না দ্বীপের ভূমিকা আলোচনা করো।

(গ) 'জাগরী' উপন্যাসে চারটি চরিত্রের মধ্যে নীলুর অন্তর্দ্বন্দ্ব সর্বাপেক্ষা বেশি।– নীলু চরিত্রটি আলোচনা করে মন্তব্যটির সত্যতা বিচার করো।

——×——